ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৩৪
খোয়াই,৫ মে,২০২৫

**খোয়াইয়ে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ৩দিনব্যাপী মহড়া শুরু**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খোয়াই জেলা প্রশাসন ও অগ্নিনির্বাপক দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল থেকে পশ্চিম বেলছড়া এ.ডি.সি. ভিলেজের বেলছড়া কমিউনিটি হলে ৩ দিনব্যাপী প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সচেতনতা শিবির ও মহড়া শুরু হয়েছে। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে শিবিরের উদ্বোধন করেন পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সরজিৎ দেববর্মা। তিনি বক্তব্য রাখতে গিয়ে এই ধরনের অনুষ্ঠান গ্রামীণ এলাকায় সংগঠিত করার জন্য উদ্যোক্তাদের ভূয়সী প্রশংসা করেন।

এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেলছড়া এ.ডি.সি. ভিলেজের ভাইস চেয়ারম্যান পদ্মকুমার দেববর্মা। উপস্থিত ছিলেন দেবেন্দ্র চৌধুরী ইংরেজি মাধ্যম মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালন কমিটির চেয়ারম্যান ধর্মেন্দ্র দেববর্মা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক তুষার দেববর্মা এবং দেবেন্দ্র চৌধুরী বাংলা মাধ্যম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজেন্দ্র দেববর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা।

অনুষ্ঠানে ফায়ার সার্ভিস দপ্তরের অফিসার ইনচার্জ অমর দেববর্মা এবং তার সহকর্মীরা উপস্থিত ছাত্রছাত্রীদের আগুন লাগলে কীভাবে নিভাতে হয়, ভূমিকম্প, বন্যা প্রভৃতি দুর্যোগের সময় কীভাবে নিরাপদ থাকা যায়, সেই বিষয়ে প্রাত্যহিক জীবনের প্রেক্ষিতে হাতে কলমে প্রশিক্ষণ দেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ। এই কর্মসূচির সমাপ্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হবে আগামী ৭ মে।

*****